

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৮.১৯/৬৭৬৪/৩

তারিখ : ৩০/১২/২০১৯ খ্রি.

বিষয় : কেন এম.পি.ও স্থগিত করা হবে না এ বিষয়ে ব্যাখ্যা দাখিলকরণ।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৬১ তারিখ : ০২/০৪/২০১৯ খ্রি.  
(২) ৭ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাভার মডেল কলেজ, ঢাকার অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ মন্ত্রণালয়ের ০২/০৪/২০১৯ খ্রি. তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক মাউশি থেকে তদন্ত করা হয়।

তদন্ত কর্মকর্তা প্রতিবেদন : জনাব মো: তৌহিদ হোসেনকে ১৯৯৬ সালে সাভার মডেল কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ হিসেবে নিয়োগ প্রদান করা হয়। নিয়োগকালীন সময়ে তার শিক্ষাগত যোগ্যতা ছিল :

এসএসসি	১৯৮১ সালে	১ম বিভাগ
এইচএসসি	১৯৮৪ সালে	২য় বিভাগ
ডিগ্রী	১৯৯০ সালে	২য় বিভাগ
মাস্টার্স ডিগ্রি	১৯৯৫ সালে	২য় বিভাগ

তিনি পরবর্তীতে ২০০২ সালে এম.এড ডিগ্রী অর্জন করেন এবং এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ থেকে মাস্টার্স অব আর্টস-২০০২ সালে অর্জন করেন। ১৯৯৫ সালের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় সু-স্পষ্টভাবে উল্লেখ আছে কোনো উচ্চ মাধ্যমিক কলেজে অধ্যক্ষ হিসেবে সরাসরি নিয়োগপ্রাপ্ত হতে হলে ২য় শ্রেণির অনার্সসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী এবং সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। কিন্তু নিয়োগকালীন সময়ে তাঁর কাম্য শিক্ষাগত যোগ্যতা ছিল না। তিনি অধ্যক্ষ হয়েও এবং দীর্ঘদিন যাবৎ অধ্যক্ষের দায়িত্ব পালন করা সত্ত্বেও প্রভাষক পদের এমপিও নিচ্ছেন যা বিধি বহির্ভূত।

তদন্ত কর্মকর্তার মতামত : অধ্যক্ষের নিয়োগকালীন সময়ে কাম্য শিক্ষাগত যোগ্যতা ছিল না যা জনবল কাঠামো ১৯৯৫ এর পরিপন্থী। এ ক্ষেত্রে তার নিয়োগ এবং এমপিও যথাযথ বিবেচিত হয়নি।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত অনুসারে অধ্যক্ষ পদে নিয়োগকালীন সময়ে কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় কেন আপনার এম.পি.ও স্থগিত করা হবে না এ বিষয়ে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ALW 30.12.19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব মো: তৌহিদ হোসেন  
অধ্যক্ষ  
সাভার মডেল কলেজ  
সাভার, ঢাকা।

বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- (২) সভাপতি, গভর্নিং বডি, সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা;
- (৩) সংরক্ষণ নথি।